দৈনিক
ইনকিলাব

তারিখ ...26 MAR 2009...
পৃষ্ঠা ...24... কলাম ...7...

# একাদশ শ্রেণীতে ভর্তি সংকট নিরসনে আগাম প্রস্তুতি

## ৩ মাস পর এসএসসি পরীক্ষার ফল প্রকাশ ● শিক্ষা প্রতিষ্ঠানে আসন সংখ্যা বাড়ানো ডাবল শিফট চালুর পরিকল্পনা মন্ত্রণালয়ের

রিয়াজ চৌধুরী

তিন মাস পর এসএসসি পরীক্ষার ফল প্রকাশ হবে। শুরু হবে ভর্তি যুদ্ধ, আসন সংকট। তাই দেশের ভাল কলেজে একাদশ শ্রেণীতে ভর্তি সংকট নিরসনে আসন বাড়ানো, ডাবল শিফট চালু এবং ঢাকার অন্যান্য সরকারী-বেসরকারী কলেজের শিক্ষার মান উন্নয়নসহ নানা পরিকল্পনা হাতে নিতে যাচ্ছে শিক্ষা মন্ত্রণালয়। সোমবার রাজধানীর সরকারী টিচার্স ট্রেনিং কলেজে ভর্তি সংকট নিরসনে করণীয় নিয়ে অনুষ্ঠিত এক সভায় একথা জানানো হয়েছে। সভায় সভাপতিত্ব করেন শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (কলেজ) মাইন উদ্দিন খন্দকার। সভায় রাজধানীর বিভিন্ন কলেজের প্রিন্সিপাল বা তার প্রতিনিধি উপস্থিত ছিলেন। সভা সূত্রে জানা যায়, সভায় শিক্ষকরা জানিয়েছেন একাদশ শ্রেণীতে ভর্তির আসন সংখ্যার তেমন স্বল্পতা নেই। হাতেগোনা দেশের নামকরা কয়েকটি কলেজে ভর্তির জন্য মেধাবী শিক্ষার্থীরা ভিড় করে থাকে। এতে আপাতদৃষ্টিতে মনে হয়, আসন সংকট তীব্র। বাস্তবে এ সংকট এতো তীব্র নয়। এ বিষয়ে শিক্ষকরা জানান, আজিমপুর গার্লস স্কুল অ্যান্ড কলেজে শিক্ষার্থী মোট আসন সংখ্যার চেয়েও কম। তাই পার্শ্ববর্তী ইডেন কলেজে ভর্তিরও অবকাঠামো থাকলেও সেখানে শিক্ষার্থী ভর্তি করালে আজিমপুর গার্লস স্কুল অ্যান্ড কলেজে শিক্ষার্থী সংখ্যা আরো কমে যাবে। এ বিষয়টিও শিক্ষা মন্ত্রণালয়ের বিবেচনায় আনা উচিত। সভা সূত্রে জানা যায়, বিষয়টি শিক্ষা মন্ত্রণালয় বিবেচনায় নিয়েছে। এছাড়া যেসব কলেজে একাদশ শ্রেণী চালু নেই, সেসব কলেজে একাদশ শ্রেণী চালুর বিষয়টিও শিক্ষা মন্ত্রণালয় বিবেচনা করছে। শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (কলেজ) মাইন উদ্দিন খন্দকার সভায় বলেন, শিক্ষার্থীর স্বার্থে

পৃঃ ১৫ কঃ ৪

### একাদশ শ্রেণীতে

২৪-এর পৃষ্ঠার পর

একাদশ শ্রেণীতে ভর্তি সংকট নিরসনে আসন বাড়ানো, ডাবল শিফট চালু এবং ঢাকার অন্যান্য সরকারী-বেসরকারী কলেজের শিক্ষার মান উন্নয়নের বিষয়গুলো শিক্ষা মন্ত্রণালয় বিবেচনায় নিয়েছে। এক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয় নানা পরিকল্পনা হাতে নিতে যাচ্ছে। তিনি বলেন, রাজধানীর বেশিরভাগ শিক্ষা প্রতিষ্ঠানের বেশিরভাগই ধানমন্ডি এলাকায়। ফলে ওইসব এলাকায় যানজট সৃষ্টি হয়। সভায় বাড্ডাসহ এর পার্শ্ববর্তী এলাকায় শিক্ষা প্রতিষ্ঠান চালু করার ওপর গুরুত্বারোপ করা হয়।